# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৩. ১. ৮. নিয়ম সিন্দুকের দিকে দৃষ্টিপাতের কারণে গণহত্যা

বাইবেলের বর্ণনায় ঈশ্বরের নির্দেশে মোশি বাবলা কাঠ দিয়ে তৈরি পুরোপুরি সোনা দিয়ে মোড়ানো একটা সিন্দুক তৈরি করেন। সিন্দুকটা লম্বায় আড়াই হাত এবং চওড়ায় ও উচ্চতায় দেড় হাত। খাঁটি সোনা দিয়ে সিন্দুকের উপর একটা ঢাকনা বানানো হয় যার নাম ‘পাপাবরণ’ (Mercy seat)। এর উপর স্বর্ণ নির্মিতি পাখনা মেলানো দুটো ফেরেশতা বা ‘কারূব’ (Cherub) নামের পাখনা-ওয়ালা স্বর্গীয় প্রাণির মূর্তি বানানো হয়। ঈশ্বর সিনাই পাহাড়ে ঈশ্বরের নির্দেশ সম্বলিত যে দুটো প্রস্তর ফলক প্রদান করেন তা এ সিন্দুকের মধ্যে রাখা হয়। পাপাবরণের উপরে কারুবী পাখি বা ফেরেশতাদ্বয়ের প্রতিমার মাঝখানে ঈশ্বর মোশির সংগে দেখা করতেন। (যাত্রাপুস্তক/হিজরত ২৫/১০-২২)। বাইবেলীয় বিশ্বাসে ঈশ্বর সিন্দুকের উপরের ‘পাখনাওয়ালা’ দু’ ফেরেশতার মূর্তির মাঝখানে বসবাস করেন: “কারণ মাবুদ সেই সিন্দুকের উপর দুই কারুবীর মাঝখানে থাকেন।” (২ শামুয়েল ৬/২)

সিন্দুকটার নাম: the ark of the covenant of the LORD/ the ark of the covenant/ the ark of the LORD: সদাপ্রভুর নিয়ম সিন্দুক, নিয়ম সিন্দুক, সদাপ্রভুর সিন্দুক বা শরীয়ত-সিন্দুক। ফিলিস্তিনিদের সাথে যুদ্ধের সময় এক পর্যায়ে ফিলিস্তিনিরা বনি-ইসরাইলদের নিকট থেকে এ সিন্দুকটা ছিনিয়ে নিয়ে যায়। পরে তারা তা ফেরত দেয়। ফেরত আসা সিন্দুকটার মধ্যে দৃষ্টিপাত করার কারণে ঈশ্বর তার প্রিয় জাতির অর্ধ লক্ষ মানুষকে এক মুহূর্তে হত্যা করেন: “বৈৎ-শেমশের লোকেরা তখন উপত্যাকার মধ্যে গম কাটছিল। তারা চোখ তুলে চাইতেই সিন্দুকটি তাদের চোখে পড়ল এবং তারা খুশী হল। ... বৈৎ-শেমশের কিছু লোক মাবুদের সিন্দুকের ভিতরে চেয়ে দেখেছিল বলে মাবুদ তাদের মেরে ফেললেন। তিনি তখন সেখানকার পঞ্চাশ হাজার সত্তর জনকে মেরে ফেলেছিলেন।” (১ শামুয়েল ৬/১৩, ১৯)

পাঠক, কল্পনা করুন! এ ছোট্ট সিন্দুকের মধ্যে এক সাথে কতগুলো মানুষ চেয়ে দেখতে পারে? আর এ কয়েকজন মানুষের অপরাধে ঈশ্বর অর্ধ লক্ষ মানুষ মেরে ফেললেন? তাও তাঁর নিজের ঈমানদার মনোনীত প্রজাদের?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14531

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন